

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজির কার্যালয়
ঢাকা
রেঞ্জ সার্কুলার নং-০৩

প্রতি

পুলিশ সুপার, ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলা।


বিষয় : জেলা পুলিশ কর্তৃক মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী পুলিশ সদস্যদের যথাযথ সম্মান প্রদর্শন প্রসঙ্গে।

২৬মার্চ মহান স্বাধীনতা দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস সরকারী ছুটির দিন এবং সরকারীভাবে দিবসগুলো পালন করা হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, এ দিবস দু'টিতে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী ও আত্মোৎসর্গকারী পুলিশ সদস্যদের অবদানের বিষয়টি পুলিশ বিভাগের পক্ষে অনেক সময় যথাযথভাবে মূল্যায়ন করা হয় না। কোন কোন ক্ষেত্রে মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী বীর পুলিশ সদস্যদের তালিকাও সংরক্ষিত নেই। ফলে অত্র এলাকায় সামগ্রিকভাবে মহান স্বাধীনতা যুদ্ধে পুলিশের অবদানের বিষয়টি একদিকে অপ্রকাশিত থেকে যাচ্ছে এবং অপরদিকে পুলিশের মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যগণকে পুলিশ বিভাগ থেকে যথাযথ সম্মান প্রদর্শন করা সম্ভব হয়না।

এমতাবস্থায় আপনার জেলায় পুলিশ বাহিনীর যে সকল সদস্য মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহন করেন তাঁদের তালিকা সংরক্ষন ও যথাযথভাবে সম্মান প্রদর্শনের লক্ষ্যে নিম্নবর্ণিত তথ্য সংগ্রহ ও সংরক্ষনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হ'ল।

- ০১। মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী (কর্মরত/মৃত/আত্মোৎসর্গকারী) পুলিশ সদস্যদের (সিভিল স্টাফসহ) তালিকা সংগ্রহ করা।
- ০২। প্রস্তুতকৃত তালিকার সঠিকতা নিরূপন করে পৃথক দুটি (মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী/আত্মোৎসর্গকারী) তালিকা সংরক্ষন করতে হবে।
- ০৩। আত্মোৎসর্গকারী/মৃত পুলিশ পরিবারের সদস্যদের তালিকা (ঠিকানা, মোবাইল নম্বরসহ) সংগ্রহ করে সংরক্ষন করা।
- ০৪। মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারী সিভিল স্টাফসহ পুলিশ সদস্যদের (কর্মরত/অবসরপ্রাপ্ত/মৃত)/আত্মোৎসর্গকারী পুলিশ সদস্যদের/পরিবারের সদস্যদের মহান স্বাধীনতা ও বিজয় দিবসে আমন্ত্রন জানিয়ে সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে সম্মান জানানো।

এ ধরনের অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে এ অঞ্চলে মুক্তিযুদ্ধে পুলিশের গৌরবময় ভূমিকার বিষয়ে অনেক অজানা তথ্য জানার সুযোগ সৃষ্টি হতে পারে যা সামগ্রিকভাবে দেশবাসীর নিকট পুলিশের ইতিবাচক ভাবমূর্তি সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করবে। এ প্রেক্ষাপটে অবিলম্বে তালিকা প্রণয়নপূর্বক মহান স্বাধীনতা দিবস/বিজয় দিবস উপলক্ষে কর্মরত ও অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধা পুলিশ সদস্য এবং যে সকল পুলিশ সদস্য মহান মুক্তিযুদ্ধে দেশের জন্য জীবন উৎসর্গ করেছেন তাদের পরিবারবর্গকে জেলা পুলিশে পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করার ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হ'ল।



(চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম)
বিপি-৬৪৮৯০২০৯৪৬
ডিআইজি, ঢাকা রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, ঢাকা।
☎ ৯৩৫৩০৩৭, ☎ ৯৩৪২০২২।

স্মারক নং- ২২৩ /এস

তারিখ : ০৫/০৩/১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। অতিঃ ডিআইজি (অ্যাডমিন এন্ড ফিন্যান্স/অপস্ এন্ড ক্রাইম), ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ২। এআইজি (ইন্টেলিজেন্স এন্ড স্পেশাল এ্যাফেয়ার্স/ওয়েলফেয়ার এন্ড পেনশন)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৩। পুলিশ সুপার (এস্টেট এন্ড লজিস্টিক/ট্রেনিং এন্ড মিডিয়া/ডিসিপ্রিন এন্ড প্রসিকিউশন), ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ৪। অতিরিক্ত পুলিশ সুপার (সকল), ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ৫। স্টাফ অফিসার-টু-ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ৬। সহকারী পুলিশ সুপার, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৭। অফিস নথি।


(চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম)
বিপি-৬৪৮৯০২০৯৪৬
ডিআইজি, ঢাকা রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, ঢাকা।
☎ ৯৩৫৩০৩৭, ☎ ৯৩৪২০২২।